JAN. 9 2001

## খালেদা জিয়ার সাথে বিদ্রোহী অংশের সাক্ষাৎ

# ছাত্রদলের কেন্দ্রীয় কমিটিকে নিয়ে সৃষ্ট ভুল বোঝাবুঝি ও বিভ্রান্তির অবসান

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের বিদ্রোহী অংশের নেতারা গতকাল (সোমবার) রাতে ২৯, মিন্টো রোডে বিএনপি চেয়ারপার্সন ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়ার সাথে সাক্ষাৎ করেন। দলীয় চেয়ারপার্সনের সাথে বিদ্রোহী নেতাদের সাক্ষাতের পর বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আমান উল্লাহ আমান এমপি বলেন, ছাত্রদলের কেন্দ্রীয় কমিটিকে নিয়ে কারো কারো অভিমানের ফলে যে ভুল বোঝাবুঝি ও বিভ্রান্তির সৃষ্টি হয়েছিল সংশ্লিষ্ট ছাত্র নেতাদের বিবৃতির পর আজ দেশনেত্রীর সাথে তাদের সাক্ষাতের মাধ্যমে পুরোপুরি অবসান হলো। তারা দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বের প্রতি পূর্ণ আনুগত্য প্রকাশের সাথে সাথে নাসির উদ্দিন আহমেদ পিন্টু ও শাহাবুদ্দিন লাল্টুর নেতৃত্বে ছাত্রদলের যে কমিটি গঠিত হয়েছে তার প্রতিও সমর্থন দিয়েছেন। দেশনেত্রী তাদেরকে একসাথে মিলেমিশে কাজ করার নির্দেশ দিলে তারা পিন্টু-লাল্টুর নেতৃত্বে কাজ করার জন্য অঙ্গীকার ব্যক্ত করেন। জনাব আমান বেগম খালেদা জিয়ার মনোভাবের কথা উল্লেখ করে বলেন, কেউ সংগঠনের স্বার্থপরিপন্থী কাজ করলে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রীর মিন্টো রোডস্থ সরকারী বাসভবনে রাত

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ভুলবোঝাবুঝির অবসান

৮-এর পৃষ্ঠার পর

সাড়ে ৮টায় যখন ছাত্রদলের বিদ্রে গ্রুপের অংশ সাক্ষাৎ করেন তখন বিএ মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া ও ডাক সাবেক ভিপি আমান উল্লাহ আমান উপ ছিলেন। এই সাক্ষাৎ অনুষ্ঠানটি এক ঘ স্থায়ী হয়।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, বেগম খা জিয়ার সাথে ছাত্রদলের কথিত বিদ্রে গ্রুপের নেতারা সাক্ষাৎ করলে তিনি তা সাম্প্রতিক সহিংস ও ধ্বংসা কার্যকলাপের ঘটনায় ভীষণ বিরক্তি প্রক করেন। তিনি স্পষ্ট ভাষায় বলেন, আমি সিদ্ধান্ত দিয়েছি তা-ই চূড়ান্ত। ঘো কমিটিতে বিন্দুমাত্র পরিবর্তন ঘটানো হ না। শিগ্গিরই পূর্ণাঙ্গ কমিটি গঠন ক হবে। সংগঠনের প্রতি আনুগত্য, ত্যাগ যোগ্যতার নিরিখেই যাকে যেখানে দেয় সেখানেই দেয়া হবে। তিনি ক্ষোভের সা বলেন, আমার অফিসে হামলা, ডঃ খন্দকা মোশাররফ হোসেনের গাড়ী ভাঙচু ছাত্রনেতা আপ্পুকে গুলী- এসব অপক করার সাহস হয় কিভাবে? আমি জা কোথা থেকে কারা এগুলো করার জন্য ইন্ধন জোগায়। ভবিষ্যতে কেউ এসব করলে কোন অবস্থাতেই ছাড়া হবে না। তিনি কথিত বিদ্রোহী নেতাদের সাফ জানিয়ে দেন যে, ছাত্রদল করতে চাইলে ভালভাবে করতে হবে। ছাত্রদল করার নামে মহল বিশেষের উদ্দেশ্য হাসিলের অপচেষ্টা করা হলে পরিণতি ভাল হবে না। এসব করার চেষ্টা হলে ছাত্রদল করার কোন দরকার নেই, পথ খোলা আছে, যার যেখানে ইচ্ছা চলে যেতে পারে। বেগম জিয়ার এই কঠোর মনোভাব দেখে বিদ্রোহী গ্রুপের নেতারা কিছু বলার চেষ্টা না করে পিন্টু-লাল্টুর নেতৃত্বে মিলেমিশে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

ছাত্রদল নেতৃবৃন্দের মধ্যে এ সময় উপস্থিত ছিলেন মনোয়ার হোসেন রানা, সাগীর আহম্মেদ, মনির হোসেন, এবিএম মোশাররফ হোসেন, সুলতান সালাউদ্দিন টুকু, সাইদুর রহমান নিউটন, শফিউল বারী বাবু, ফরহাদ হোসেন আজাদ, আব্দুল বারী ড্যানী, শামসুজ্জামান মেহেদী, রওনাকুল ইসলাম টিপু, রফিকুল আলম মজনু, হারুনুর রশীদ হারুন, মামুন হাসান, আব্দুস সাত্তার, শহিদুল ইসলাম বাবুল, হায়দার আলী লেনিন, এস, এম, জিলানী প্রমুখ।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন এ প্রতিবেদককে জানান, ছাত্রদলের নবগঠিত কেন্দ্রীয় কমিটি নিয়ে সৃষ্ট সকল বিরোধের অবসান ঘটেছে। আজ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কমিটি বিরোধী কোন মিছিল সমাবেশ হবে না। আজ অনুষ্ঠেয় মুক্তাঙ্গনে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সমাবেশে যোগদান করবেন কিনা- এ প্রশ্নের জবাবে তিনি জানান, 'এ ব্যাপারে তো আর কোন বাধা রইল না।'